

Rakhi Purnima

©Deepak Sarkar, Written on 8/13/2000, Redwood Shores, California

রাখী পূর্ণিমা

দিনটা আজ বড়ই সুন্দর!

ঘুম ভেঙে দেখি - সূর্য হাসছে!

জানলা খুলে দেখি - মন মাতানো হাওয়া ।

বাগানে প্রচুর ফুল ফুটেছে,

বাতাস সুগন্ধে ভরপুর!

ফলগুলোতে পাক ধরেছে,

পাখীরা আনন্দে মুখর ।

আকাশে কোথাও মেঘ নেই,

পাহারের কোলে কুয়াসা নেই,

সিগালের সাদা ডানা -

পেলিকানের ধূসর ডানা -

নীল আকাশের কোলে কোলে

সুদূর অজানায় পাড়ি দিচ্ছে ।

চেনা সুরগুলো মনে আসছে,

চেনা মুখগুলো চোখে ভাসছে,

পৃথিবীর দিক দিগন্তে,

বাধছে রাখী হাতে হাতে -

সত্যের অভিযানে

মুক্তি আনছে বন্ধনে ॥